# জে এস সি পরীক্ষা - ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : | ১ | ১ | ১ |

### সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট — মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. দাসির নিজেকে খুব চালাক মনে করে। নিজের স্বার্থ উদ্ধারের জন্য সে নানা অপকৌশলের আশ্রয় নেয়। এমনকি মিথ্যা কথা বলা, অন্যের গচ্ছিত বস্তু খিয়ানত করা তার নিত্তনৈমিত্তিক ব্যাপার। তার বন্ধু সামির মনে করে একজন মানুষ পৃথিবীতে যা অর্জন করে তার মধ্যে শ্রেষ্ঠ হলো ইমান। কেন না মানুষ ইমানের মাধ্যমে দুনিয়া ও আখিরাতে কল্যাণ লাভ করতে পারে। এই ইমান আল্লাহর একটি নিয়ামত।

ক. ইমানের সর্বপ্রথম বিষয় কোনটি? ১

খ. তাকদিরে বিশ্বাস বলতে কী বুঝায়? ব্যাখ্যা করো। ২

গ. দাসিরের আচরণে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সামিরের উল্লিখিত মনোভাবের পরিণত কী হতে পারে? বিশ্লেষণ করো। ৪

২. ▶ সিফাত সাহেব একজন ব্যবসায়ী। তার এক প্রতিবেশী তার বিরুদ্ধে নানাভাবে ষড়যন্ত্র করে। সিফাত সাহেব ঐ ষড়যন্ত্র থেকে আল্লাহর কাছেই আশ্রয় চান তিনি আল্লাহকেই আশ্রয়দাতা ও রক্ষাকর্তা মনে করেন। রাসরুখ আল্লাহর গুণবাচক নাম গুলোর প্রতি অগাধ বিশ্বাসী। কেননা উক্ত নাম সমূহ মানুষকে উত্তম চরিচত্রবান হতে অনুপ্রাণিত করে।

ক. "আল্লাহ অমুখাপেক্ষী"-এর আরবী প্রতিশব্দ কী? ১

খ. 'আল্লাহ রাউফুন' এর তাৎপর্য লেখ। ২

গ. সিফাত সাহেবের কাজে আল্লাহ তায়ালার কোন গুণবাচক নামের প্রতিফলন হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. আল্লাহর গুণবাচক নামগুলোর প্রতি রাসরুখ সাহেবের অগাধ বিশ্বাসের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৩. মাকুল সাহেবের ব্যাংকে ও হাতে মিলে পাঁচ লক্ষ টাকা জমা আছে। টাকাগুলো পূর্ণ একবছর অতিবাহিত হওয়ার পর এগুলোর যাকাত সম্পর্কে

https://teachingbd24.com

জানতে ইমাম সাহেবের কাছে যান। ইমাম যাকাতের টাকা হিসাব করে এগুলো বণ্টনের খাত সম্পর্কে বর্ণনা দেন। ইমাম সাহেব আরো বলেন, যাকাতের মাধ্যমে ধনী দরিদ্রের বৈষম্য দূর হয়ে যায়।

ক. ইবাদত কাকে বলে? ১

খ. যাকাত ফরজ হওয়ার প্রথম শর্তটি ব্যাখ্যা করো। ২

গ. মাকুল সাহেব উক্ত যাকাতের টাকাগুলো কোন কোন খাতে বণ্টন করতে পারবে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ইমাম সাহেবের সর্বশ্রেষ্ঠ উক্তিটির তাৎপর্য বিশ্লেষণকর। ৪

৪.▶ শিক্ষক রজব সাহেব একদিন শ্রেণিতে ছাত্রদের উদ্দেশ্যে বললেন, ইসলামের পঞ্চস্তম্ভের মধ্যে এমন একিট স্তম্ভ রয়েছে যেটি সামর্থবান মানুষের উপর জীবনে একবার ফরজ। পবিত্র কাবাঘর ও সংশ্লিষ্ট স্থানসমূহে নির্দিষ্ট সময়ে বিশেষ কার্যাদি সম্পাদন করে ঐ ফরজটি আদায় করতে হয়। আলোচনা শুনে তিহাম বলল, সারা বিশ্বের মুসলমান ঐসময়ে মক্কায় একত্রিত হয় বলে এটিকে মুসলিম জাতির মহাসম্মেলন বলা হয়।

ক. হজের প্রথম ফরজ কোনটি? ১

খ. হজে মাবরুবের (মাকবুল) প্রতিদান হচ্ছে একমাত্র জান্নাত-ব্যাখ্যা করো। ২

গ. শিক্ষক রজব সাহেব কোন স্তম্ভের কথা বলেছেন। ব্যাখ্যা করো। ৩

ঘ. তিহাম এর বক্তব্যটি বিশ্লেষণ করে লেখ। ৪

৫.▶ আকাইদের বিষয়সমূহের মধ্যে তাওহিদের পরই রিসালাতের স্থান। নবি-রাসুলগণ হলেন মানব জাতির পথ প্রদর্শক ও মানুষের প্রতি আল্লাহর বিশেষ অনুগ্রহ। নবি-রাসুলের আগমনের ধারাবাহিকতায় হযরত মুহাম্মদ (সা) হলেন শেষ নবি। এর পর আর কোনো নবি আসবে না। রাগিব একদিন তার বন্ধুকে বলল, হযরত মুহাম্মদ (সা) শেষ নবি হলেও পৃথিবীতে আরো নবি আসতে পারে।

ক. সিলাত কাকে বলে? ১

খ. প্রত্যেক রাসুলই নবি কিন্তু সকল নবি রাসূল নন। বুঝিয়ে লিখ। ২

গ. রাগিবের ধারণা ইসলামে কোন বিশ্বাসের পরিপন্থি? ব্যাখ্যা করো। ৩

ঘ. রিসালাত সম্পর্কে উদ্দীপকের কথাগুলো বিশ্লেষণ করো। ৪

৬. ★ শাবান গাজী ছোট বেলায় কুরআন শিখেছিল। একদিন তিনি মসজিদের ইমাম সাহেবের সামনে কুরআন তিলাওয়াত করলে, ইমাম সাহেব বললেন, আপনার তিলাওয়াতের মধ্যে তাজবিদ, নুন সাকিন ও তানবিনের নিয়ম বিশেষত

https://teachingbd24.com

ইদগামের ব্যবহারে যরেথষ্ট ভুল রয়েছে। এগুলো যথাযথ নিয়মে তিলাওয়াত করা আবশ্যক। কুরআন তলিাওয়াত একটি ফজিলতপূর্ণ আমল। রাসুল (সা) বলেছেন, "তোমরা কুরআন তিলাওয়াত করো। কেননা কিয়ামতের দিন তা পাঠকারীদের জন্য সুপারিশ করবে।"

ক. তাজবিদ কাকে বলে? ১
খ. তাজবিদের মধ্যে কালব বা ইকলাব বলতে কী বুঝায়? ব্যাখ্যা করো। ২
গ. শুদ্ধভাবে তিলাওয়াতের জন্য শাবান গাজী ইমাম সাহেবের পরামর্শকে কীভাবে কাজে লাগাতে পারে? ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত মহানবি (সা) এর বাণীটির তাৎপর্য বর্ণনা করো। ৪

৭.▶ জুমার সালাতের পূর্বে আলোচনা পেশকালে খতিব সাহেব বলেন, আমাদের জীবনে ছোট-বড় সকল পাপ থেকে বেঁচে থাকা উচিত। কেননা মানুষ মৃত্যুর পর পুনরায় জীবিত হবে। ক্ষুদ্র ক্ষুদ্র পাপ বা পুণ্য সকল মানুষ নিজ আমলনামায় দেখতে পারবে। অন্য এক আলোচনায় মাওলানা রমজান আলী বলেন, পবিত্র কুরআনকে আল্লাহ তায়ালা কদরের রাতে নাযিল করেছেন। তার ঐ রাতের ইবাদত হাজার মাস একাধারে ইবাদত করার চেয়ে উত্তম।

ক. "আয-যিকক" শব্দের অর্থ কী? ১
খ. পবিত্র কুরআনে মাদানি সূরার বিষয়বস্তু কী কী? বর্ণনা করো। ২
গ. খতিব সাহেবের বক্তৃতায় পবিত্র কুরআনের কোন সূরার শিক্ষা প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. মাওলানা রমজানে আলীর বক্তব্যের যথার্থতা নিরূপ করো। ৪

৮.▶ আফজাল সাহেব চাকরি থেকে অবসর নেওয়ায় এমএ পাস করা বড় ছেলে ঈষাণকে চাকরি ধরতে বলে। ঈষাণ বিভিন্ন স্থানে ঘুরে চাকরির ব্যবস্থা করতে না পেরে বেকার জীবনযাপন করছে, এক পর্যায়ে সে অধৈর্য্য হয়ে পড়ে। ফাহাদ সাহেব নারীদের প্রতি সদয় আচরণ করেন। তার পিতার মৃত্যুর পর নিজের বোনদেরকে পৈত্রিক সম্পত্তি যথাযথভাবে বণ্টন করে দেন।

ক. ধৈর্য কাকে বলে? ১
খ. আখলাকে হামিদাহ বলতে কী বুঝায়? ব্যাখ্যা করো। ২
গ. বর্তমান পরিস্থিতিতে ঈষান এর করণীয় কী? ব্যাখ্যা করো। ৩
ঘ. ফাহাদ সাহেবের কাজটি ইসলামের আলোকে মূল্যায়ন করো। ৪

৯. ★ পলাশপুর গ্রামের অধিবাসীরা একে অপরকে অবজ্ঞা করে না। তারা অন্যের মতামত ও মতাদর্শে প্রতি সহনশীল মনোভাব পোষণ করে। ফলে

https://teachingbd24.com

তাদের সমাজে সৌহার্দ্যপূর্ণ পরিবেশ বিরাজ করছে। পাশের গ্রামের জনাব "ক" আচার আচরণের দম্ভ ও অহমিকা প্রকাশ করে। কথায় কতায় মানুষকে তুচ্ছ-তাচ্ছিল্য করে।

ক. ভ্রাতৃত্ব কী? ১

খ. দেশপ্রেম বলতে কী বুঝায়? ২

গ. পলাশপুর গ্রামের অধিবাসীদের মধ্যে আখলাকে হামিদার কোন গুণটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব 'ক' এর আচরণের ক্ষতিকর প্রভাব কী হতে পারে? বিশ্লেষণ করে লেখ। ৪

১০. ▶ ইসলামের ইতিহাসে তিনটি সম্মানিত মসজিদের একটি হলো "বায়তুল মুকাদ্দাস"। মসজিদটি মুসলমানদের প্রাচীন কিবলাও ছিল। মসজিদটি নির্মাণ করতে ৩০ হাজার শ্রমিকের ৭ বছর লেগেছিল। হযরত সুলায়মান (আ) জেরুজালেমের ক্ষমতা গ্রহণ করে মসজিদটি নির্মাণ শুরু করেন। হযরত সুলায়মান (আ) অসাধারণ ধী-শক্তি ও প্রজ্ঞার অধিকারী ছিলেন বলে তিনি অত্যন্ত সূক্ষ্মভাবে বিচার কার্য পরিচালনা করতেন।

ক. হযরত সুলায়মান (আ) এর পিতার নাম কী? ১

খ. "বিদায় হজ" বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে মসজিদটি নির্মাণের সময় হযরত সুলায়মান (আ) এর ভূমিকা কী ছিল? ৩

ঘ. উদ্দীপকের বর্ণিত নবি বিচারকার্য পরিচালনায় কী রকম বুদ্ধিমত্তার পরিচয় দিয়েছিলেন? ব্যাখ্যা করে লিখ। ৪

১১. ▶ ইশরাক ও মাবুরুফ দুই বন্ধু। ইশরাক বলল, আল্লাহ তায়ালার প্রেরীত নবি-রাসুলগণের মধ্যে এমন একজন আছেন যাকে বিরোধীরা হত্যার ষড়যন্ত্র করলে আল্লাহ নিজেই তাকে আসমানে তুলে নেন। শেষ জমানায় কেয়ামতের পূর্বে তিনি আবার দুনিয়াতে আসবেন। মাবুরুফ বলল, আল্লাহ দীন প্রচার করতে গিয়ে হযরত মুসা (আ) ফিরাআউনের ষড়যন্ত্রের স্বীকার হন। তিনি তুর পাহাড়ে গিয়ে তাওরাত কিতাব লাভ করেছেন?

ক. জিযিয়া প্রথা কী? ১

খ. হযরত মুসা (আ) এর মুখে জড়তা তৈরি হয়েছিল কেন? ২

গ. ইশরাক কোন নবির কথা বুঝাতে চেয়েছেন? বুঝিয়ে লেখ। ৩

ঘ. মাবুরুফের বক্তব্য মতে হযরত মুসা (আ) কীভাবে তাওরাত কিতাব লাভ করেছেন? ব্যাখ্যা করে লিখ। ৪

https://teachingbd24.com

# ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : | ১ | ১ | ১ |

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ ইমানের সাতটি বিষয়ের কথা কোন কালিমায় উল্লেখ আছে?
ক তাওহিদে খ কালিমা শাহাদাতে
গ ইমানের মুজমালে ঘ ইমানে মুফাসসালে

২. প্রত্যেক জাতির জন্য পথপ্রদর্শক রয়েছে। মহান আল্লাহর এ বাণীটিতে কীসের গুরুত্ব প্রকাশ পেয়েছে?
ক ইমান খ তাওহিদ
গ রিসালাত ঘ শাফায়াত

৩. নিফাক মানুষের মধ্যে কী সৃষ্টি করে?
ক ধ্বংসাত্মক মনোভা
খ অবিশ্বাস ও সন্দেহ
গ দুর্বলতা
ঘ হানাহানি ও অশান্তি

৪. আল্লাহ তায়ালা ফেরেশতা সৃষ্টি করেছেন—
i. আল্লাহর আদেশ বাস্তবায়নের জন্য
ii. মানুষের তত্ত্বাবধানের জন্য
iii. আল্লাহর নামে তাসবিহ পাঠের জন্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৫. ★ 'হাসিবুন' শব্দের অর্থ কী?
ক হিসাব গ্রহণকারী খ ক্ষমতাশীল
গ স্নেহশীল ঘ অমুখাপেক্ষী

৬. নবি রাসুলদের দাওয়াতের মূলকথা কী ছিল?
ক মানুসের শ্রেষ্ঠত্ব খ আল্লাহর একত্ববাদ
গ স্নেহশীল ঘ অমুখাপেক্ষী

৭. ★ নবি রাসুলদের দাওয়াতের মূলকথা কী ছিল?
ক মানুষের শ্রেষ্ঠত্ব
খ আল্লাহর দীন ও তার গুণাবলি
গ জান্নাতের নিয়ামতরাজি
ঘ পরকালনি সুখ-শান্তি

৮. ★ যাকাতের আভিধানিক অর্থ কোনটি?
ক সংকল্প করা খ পবিত্রতা
গ ইচ্ছা করা ঘ বিরত থাকা

**নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:**
ফজলপুর ইউনিয়নের চেয়ারম্যান শহর মুন্সি রমযান মাসে গ্রামের সম্পদশালী লোকদের থেকে সম্মিলিতবাবে যাকাত সংগ্রহ করেন। উক্ত যাকাতের টাকা তিনি অভাবিদের মধ্যে বিতরণ করেও তাদের জন্য কল্যাণমূলক কাজ করেন।

৯. শহর মুন্সির কাজের মধ্যে কোন খলিফার জীবনাদর্শের মিল পাওয়া যায়?
ক হযরত আলী (রা)
খ হযরত উমর ইবনে আবদুল আজিজ (রা)
গ হযরত হামজ(রা)
ঘ খলিফা আবদুল মালেক

১০. শহর মুন্সি উক্ত টাকাগুলো কোন কোন খাতে খরচ করতে পারবেন?
i. দরিদ্রদের জন্য দাতব্য চিকিৎসালয় স্থাপন করে
ii. দরিদ্র শ্রমিককে শ্রমের উপযোগী উপকরণ কিনে দেবেন
iii. সমাজে মসজিদ বানাতে পারবেন
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii
গ ii ও iii ঘ i, ii ও iii

১১. ★ ফসলের দশ ভাগের এক ভাগ যাকাত দেওয়াকে কী বলে?
ক উশর খ সাদাকা
গ নিসাব ঘ আলফাই

১২. 'আর ধ্বংস ঐসব মুশরিকদের জন্য, যারা যাকাত দেয় না ও আখিরাতকে অস্বীকার করে।' এটি কোন সূরার আয়াত?
ক সুরা হা-মীম আস সাজদাহ
খ সূরা ইসয়াসিন
গ সূরা আশ-শুয়ারা
ঘ সূরা আল কদর

১৩. হজের সময় সকলে একই ধরনের সাদা পোশাক পরিধান করে। এটি মুসলমানদের মধ্যে কী জাগ্রত করে?
ক উদাহরতা খ ভ্রাতৃত্ব
গ আত্মবিশ্বাস ঘ মহানুভবতা

১৪. আল কুরআন মক্কি সূরার সংখ্যা কত?
ক ২৮টি খ ৮৬টি
গ ৮৮টি ঘ ৯৮টি

**নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**
★ কায়েফ পবিত্র কুরআন শরিফ নিয়ে সূরা আল-যিলযাল তিলাওয়াত করল। বাবা বললেন, তুমি ঐ

https://teachingbd24.com

কিতাবটি তিলাওয়াতের সময় সম্মান ও আদবের সাথে তিলাওয়াত করবে।

**১৫. কায়েফ পবিত্র কুরানের কততম সূরা তিলাওয়াত করেছে?**
ⓚ ৯৭তম ⓚ ৯৯তম
(ক) ৯৭তম (খ) ৯৯তম
(গ) ১০৫তম (ঘ) ১০৬তম

**১৬. ঐ কিতাবটি তিলাওয়াতের সময় কায়েফের করণীয় হলো—**
i. পূর্ণরূপ ওজু করা
ii. তিলাওয়াতের সময় হাসি ঠাট্টা না করা
iii. সুন্দর সুরে তিলাওয়াত করা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

**১৭. গুন্নাহ ছাড়া ইদগামের অপর নাম কী?**
(ক) ইদগামে হাকিম (খ) ইদগামে নাকিস
(গ) ইদগামে কারিম (ঘ) ইদগামে কমিল

**১৮. কুরাইশরা কোথায় ব্যবসা বাণিজ্য করত?**
(ক) মক্কা-মদিনায় (খ) সিরিয়া ও মদিনায়
(গ) মক্কা ও জর্ডানে (ঘ) সিরিয়া ও ইয়েমেনে

**১৯. 'পথ প্রদর্শন' এর আরবি কোনটি?**
(ক) আল কুরকান (খ) আন-নুর
(গ) আল হুদা (ঘ) আয যিকর

**২০. রাসুলুল্লাহ (স) ইলমে কুরানে পারদর্শী ব্যক্তিকে কাদের দল ভুক্ত বলেছেন?**
(ক) শহিদদের (খ) দানশীলদের
(গ) ফেরেশতাদের (ঘ) সাহাবিদের

**নিচের উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:**
শিপলু গ্রামের রাস্তার দুই পাশে প্রচুর ছায়াদার বৃক্ষ রোপন করেছেন। তার বন্ধু আমান নিজের মতামতের প্রতি যেমন দৃঢ় তেমনি অন্যের মতের প্রতিও শ্রদ্ধাশীল।

**২১. শিপলুর কাজে আখলাকে হামিদার কোন গুণটি প্রকাশ পেয়েছে?**
(ক) দেশপ্রেম (খ) পরমত সহিষ্ণুতা
(গ) সমাজ সেবা (ঘ) ভ্রাতৃত্ব প্রতিষ্ঠা

**২২. আমান সাহেবের মনোভাব সকলের মধ্যে বিদ্যমান থাকলে—**
i. পারিবারিক শান্তি প্রতিষ্ঠিত হবে
ii. নারীর মর্যাদা সমুন্নত হবে
iii. সামাজিক শান্তি প্রতিষ্ঠিত হবে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

**২৩. রাসুল (স) পৃথিবীর কাদেরকে একটি দেহের সাথে তুলনা করেছেন?**
(ক) সকল মুসলিমকে
(খ) সকল সাহাবাগণকে
(গ) সকল ঈমানদারগণকে
(ঘ) সকল ইমামগণকে

**২৪. ব্যাপক অর্থে সমাজসেবা দ্বারা কী বোঝানো হয়েছে?**
(ক) দেশের কল্যাণ ও উন্নয়ন
(খ) বিশ্বের কল্যাণ ও উন্নয়ন
(গ) পরিবেশ রক্ষা
(ঘ) মানব কল্যাণ ও উন্নয়ন

**২৫. ★ 'উত্তম চরিত্রের পরিপূর্ণতা দানের জন্যই আমি প্রেরিত হয়েছি'। হাদিসটি কোন গ্রন্থের অন্তর্ভুক্ত?**
(ক) বুখারি (খ) মুসরিম
(গ) তাবরানি (ঘ) বায়হাকি

**২৬. হযরত সুলায়মান (আ) কতো বছর বয়সে ইন্তিকাল করেন?**
(ক) ৫৩ বছর (খ) ৬৩ বছর
(গ) ৭০ বছর (ঘ) ৮৫ বছর

**২৭. 'ফাতহুম মুবিন' অর্থ কী?**
(ক) শান্তি চুক্তি (খ) সুস্পষ্ট বিজয়
(গ) হুদায়বিয়ার সন্ধি (ঘ) মক্কা বিজয়

**২৮. ★ উহুদ যুদ্ধে কুরাইশ বাহিনীর নেতা ছিলেন কে?**
(ক) আবু লাহাব (খ) আবু জাহেল
(গ) আবু সুফিয়ান (ঘ) খালিদ বিন ওয়ালিদ

**২৯. বিদায় হজের ভাষণের পর সকলের উদ্দেশ্যে মহানবি (স) এর শেষ উক্তিটি কী ছিল?**
(ক) আল্লাহ হাফেজ (খ) আল্লাহ মহান
(গ) আল বিদা (ঘ) আর দেখা হবে না

**৩০. হযরত ঈসা (আ) এর মুজিযা হলো—**
i. মৃতকে জীবিত করা
ii. জন্মান্ধকে চক্ষুদান করা
iii. কুষ্ঠ রোগীকে আরোগ্য করা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | খ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | খ | ১০ | খ | ১১ | ক | ১২ | ক | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | ঘ |
| ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | গ | ২১ | খ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ঘ |

https://teachingbd24.com